রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

২০২০ সনের ৪৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, নভেম্বর ২৬, ২০২০**

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭০৭—৭১৮ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৯—২০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮৪৭—৮৬২ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২১৩—২২৪ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯০৫—৯১৮ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**

**নির্বাচন কমিশন সচিবালয়**

**আদেশ**

তারিখ : ১৫ আশ্বিন ১৪২৭/৩০ সেপ্টেম্বর ২০২০

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০০২.২০-১১৬**—যেহেতু, জনাব মোঃ কামরুল ইসলাম গাজী, ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা কর্তৃক জনাব মোঃ তরিকুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ (পূর্বের কর্মস্থল-নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা) এর সাথে যোগসাজশে চাকরি দেয়ার নাম করে ১২,২০,০০০ (বার লক্ষ বিশ হাজার) টাকা চাকরি প্রত্যাশি নিম্নোক্ত ব্যক্তিগণের নিকট হতে গ্রহণ করে চাকরি দিতে না পেরে ৬,৮০,০০০/-(ছয় লক্ষ আশি হাজার) টাকা ফেরত প্রদান এবং অবশিষ্ট ৫,৪০,০০০/- টাকা ফেরত না দিয়ে আত্মসাৎ করেছেন মর্মে বিভাগীয় মামলা নম্বর ০৭/২০১৯ (জনাব মোঃ তরিকুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় মামলা) এর তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রমাণিত হয়—

(ক) জনাব মোঃ শামসুর রহমান, পিতা- মোঃ হাসেম আলী, গ্রাম-কুমার কোটা, ডাকঘর-আড়পাড়া, উপজেলা-শালিখা, জেলা-মাগুরা-এর নিকট হতে ১,৯০,০০০/-(এক লক্ষ নব্বই হাজার) টাকা যা ফেরত প্রদান করেছেন।

(খ) জনাব মোঃ বায়েজিদ বিশ্বাস, পিতা- মোঃ মজিদ বিশ্বাস, গ্রাম-দিঘী, ডাকঘর-আড়পাড়া, উপজেলা-শালিখা, জেলা-মাগুরা-এর নিকট হতে ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। এর মধ্যে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ফেরত প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ফেরত প্রদান করেননি।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(গ) জনাব মোঃ নয়ন মিয়া, পিতা-মোঃ নিজাম উদ্দিন মোল্যা, গ্রাম-শ্যামপুর, ডাকঘর-আড়পাড়া, উপজেলা-শালিখা, জেলা-মাগুরা-এর নিকট হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা। এর মধ্যে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা ফেরত প্রদান করেছেন। অবশিষ্ট ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা ফেরত প্রদান করেননি।

(ঘ) জনাব মোঃ ইজাজুল ইসলাম, পিতা- মোঃ রবিউল বিশ্বাস, গ্রাম-হাবুল্য, ডাকঘর-সাতিহাংতলা, উপজেলা-বাগারপাড়া, জেলা-যশোর- এর নিকট হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা। এর মধ্যে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ফেরত প্রদান করেছেন। অবশিষ্ট ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ফেরত প্রদান করেননি।

(ঙ) জনাব মোঃ ইমরান হোসেন, পিতা-মোঃ মিজানুর রহমান, গ্রাম-পিয়ারপুর, ডাকঘর-সীমাখালী, উপজেলা-শালিখা, জেলা-মাগুরা এর নিকট হতে ২,৮০,০০০/-(দুই লক্ষ আশি হাজার) টাকা। এর মধ্যে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরত প্রদান করেছেন। অবশিষ্ট ১,৮০,০০০/-(এক লক্ষ আশি হাজার) টাকা ফেরত প্রদান করেননি।

যেহেতু, চাকরি প্রত্যাশি ব্যক্তিগণের সাথে মোবাইল ফোনের মাধ্যমে তিনি নির্বাচন কমিশন সচিবালয়ের বড় কর্মকর্তা পরিচয় দিয়ে তাদের নিকট হতে অর্থ গ্রহণ করেছেন এবং চাকরি দিতে না পারার কারণে চাকরি প্রত্যাশি ব্যক্তিগণের নিকট হতে গৃহিত অর্থ ফেরত দিবেন বলে বার বার আশ্বাস দিয়েও তাদের অর্থ ফেরত না দিয়ে তাদের সাথে প্রতারণা করছেন;

যেহেতু, বর্ণিত অভিযোগসমূহের প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এবং ৩(ঘ) অনুযায়ী “দুর্নীতি পরায়ণতার” অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা নম্বর ১/২০২০ রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করায় তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি তাঁর লিখিত জবাবে ও ব্যক্তিগত শুনানীতে তাঁর বক্তব্যে অর্থ গ্রহণের বিষয় স্বীকার করেন এবং চাকরি দিতে না পারার কারণে উপরে বর্ণিত ব্যক্তিদের নিকট হতে গৃহিত অর্থ ফেরত দিয়েছেন মর্মে উল্লেখ করেন। ভবিষ্যতে এ ধরনের কর্মকাণ্ড থেকে বিরত থাকবেন মর্মে অঙ্গীকার করে আনীত অভিযোগ হতে অব্যাহতির আবেদন জানান। কিন্তু একই অভিযোগের সাথে সম্পৃক্ত বিভাগীয় মামলা নম্বর ০৭/২০১৯ (জনাব মোঃ তরিকুল ইসলাম, অফিস সহায়ক উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় মামলা) এর তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে এবং বিভাগীয় মামলা নম্বর ০৩/২০২০ (বেগম ডলি জেসমিন, অফিস সহায়ক, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, মাগুরা সদর, মাগুরা এর বিরুদ্ধে বিভাগীয় মামলা) এর ব্যক্তিগত শুনানীতে সাক্ষী হিসেবে উপস্থিত হয়ে টাকা প্রদানকারী জনাব মোঃ বায়েজিদ বিশ্বাস এর বক্তব্যে তাঁর কর্তৃক টাকা ফেরত প্রদানের সত্যতা প্রমাণিত হয়নি।

যেহেতু, তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে লিখিত জবাবে ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্যে চাকরি দেয়ার নামে চাকরি প্রত্যাশি বিভিন্ন ব্যক্তির নিকট থেকে অর্থ গ্রহণের বিষয় স্বীকার কারায় তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এবং ৩(ঘ) অনুযায়ী “দুর্নীতি পরায়ণতার” অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু, তাঁর কর্তৃক উক্তরূপ সংঘটিত কর্মকাণ্ড শৃঙ্খলার পরিপন্থী;

সেহেতু, জনাব মোঃ কামরুল ইসলাম গাজী, ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(খ) অনুযায়ী আদেশ প্রদানের তারিখ হতে পরবর্তী ০৭ (সাত) বছরের জন্য তাঁর পদোন্নতি স্থগিত রাখা হল এবং উপবিধি ২(ঘ) অনুযায়ী তাঁর বেতন “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ কামাল উদ্দিন বিশ্বাস**
যুগ্ম সচিব (প্রঃ ও অঃ)।

---

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
**ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ**
**ডিএসএল-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং **০৭.০০.০০০০.১৪১.৩১.০৪০.১৫(অংশ-১)-১৩৫**—ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১০ এর উপ-ধারা (৬) অনুসারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মোঃ হামিদ উল্লাহ ভূঁঞা, ডিপার্টমেন্ট অব একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমসকে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগের মেয়াদকাল ০৪ (চার) বছর অথবা বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর যেটি আগে হয়।

২। ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১৪ অনুযায়ী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের চেয়ারম্যানের পারিশ্রমিক, ভাতা, সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে। বিধি প্রণীত না হওয়া পর্যন্ত তিনি সরকার কর্তৃক নির্ধারিত পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। অর্থ বিভাগের সাথে পৃথক একটি চুক্তি স্বাক্ষর সম্পাদন সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মফিজ উদ্দীন আহমেদ**
অতিঃ সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ৩১ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-০৯/২০২০-৬৮**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কক্সবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব হামিদা পারভীন, পিতা-আবুল কালাম আজাদ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ/২৮ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/১এম-৪৪/২০১৮-১৬৬**—সরকার নারায়ণগঞ্জ জেলার বন্দর সাব-রেজিস্ট্রি অফিসের (খন্ডকালীন সাব-রেজিস্ট্রার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ) সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার জনাব মোঃ এছাহাক আলী মন্ডল-কে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও (ডি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ তদন্তকারী কর্মকর্তার তদন্তে প্রমাণিত না হওয়ায় তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করতঃ তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। বিধি মোতাবেক তিনি উক্ত সময়ের বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ : ২৪ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-২৮/০৫-১৭২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (নাজমুল হক, পিতা-বজলুর রহমান, মাতা-তাহমিনা খাতুন, গ্রাম-দক্ষিণ মির্জানগর, ডাকঘর-বাজার হাসনাবাদ, উপজেলা-রায়পুরা, জেলা-নরসিংদী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার রায়পুরা উপজেলার আমিরগঞ্জ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-৫০/২০১২-১৭৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মুহাম্মদ শাহাবুদ্দিন গাজী, পিতা-মুহাম্মদ শাহজাহান গাজী, মাতা-মাছুমা, গ্রাম- লেবুখালী, ডাকঘর-লেবুখালী, উপজেলা-দুমকী, জেলা-পটুয়াখালী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার দুমকী উপজেলার ২নং লেবুখালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে;

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **বিচার-৭/২-এন-৫০/২০১২-১৭৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জাকারিয়া, পিতা-লতিফ মোল্লা, মাতা-মোসাঃ সালেহা বেগম, গ্রাম-দক্ষিণ দুমকী, ডাকঘর-দুমকী, উপজেলা-দুমকী, জেলা-পটুয়াখালী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার দুমকী উপজেলার ৫নং শ্রীরামপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্‌মেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**এল.এ. কেস নং-১০৮/৬৭-৬৮**

**ফরম-'ঘ'**

**(০৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[ ৫(৭) ধারা মোতাবেক ]**

তারিখ : ০২ আশ্বিন ১৪২৭/১৭ সেপ্টেম্বর ২০২০

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৯.২০.১৪৪**—যেহেতু নিম্নের তপশিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৩-ধারা মোতাবেক ১১-১২-৬৭ খ্রি. তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে;

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫-ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নের তপসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তপশিল**

মৌজা-পূর্ব চর ইলশা, জে.এল.নং-৩৪, সিট নং-১, উপজেলা-ভোলা সদর, জেলা-ভোলা।

| দাগ নম্বর (আর.এস.) | দাগের অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৫২৪ | ০.০৩ |
| ৫২৫ | ০.০৩ |
| ৫৩৪ | ০.০৯ |
| ৫৫৬ | ০.০৫ |
| ৫৬০ | ০১.২০ |
| ৬৫৮ | ০.০৩ |
| ১০৯৫ | ০.০২ |
| ১১২৩ | ০.০৩ |
| ১১২৬ | ০.০১ |
| ১১২৭ | ০.০৫ |
| ১১২৯ | ০.০২ |
| ১১৩০ | ০.০৬ |
| ১১৩১ | ০.০২ |
| ১১৩২ | ০.০৩ |
| সর্বমোট = ০১.৬৭ একর। | |

অধিগ্রহণকৃত জমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যেতে পারে।

**মোঃ রাশেদুল হাসান**
যুগ্মসচিব।

---

**এল.এ. কেস নং-৪৮(w)/১৯৬৭-৬৮**

**ফরম-'ঘ'**

**(০৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[ ৫(৭) ধারা মোতাবেক ]**

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৯.২০.১৪৪**—যেহেতু নিম্নের তপশিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৩-ধারা মোতাবেক ০৯-১০-৬৮ খ্রি. তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে;

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫-ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নের তপশিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তপসিল**

মৌজা-চর যমুনা, জে.এল.নং-৭২, সিট নং-১, উপজেলা-চর ফ্যাশন, জেলা-ভোলা।

| দাগ নম্বর (আর.এস.) | দাগের অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২ | ০.২২ |
| | সর্বমোট = ০.২২ একর। |

অধিগ্রহণকৃত জমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যেতে পারে।

**মোঃ রাশেদুল হাসান**
যুগ্মসচিব।

---

**এল.এ কেস নং-১৫৮(w)/৬৬-৬৭**
**ফরম-'ঘ'**
**(০৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[ ১১(২) ধারা মোতাবেক ]**

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৯.২০.১৪৪**—যেহেতু নিম্নে তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৩-ধারা মোতাবেক ১৯-১২-১৯৮১ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে;

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫-ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নে তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

মৌজা-দক্ষিণ চর আইচা, জে.এল.নং-১০২, সিট নং-০৩, উপজেলা-চর ফ্যাশন, জেলা-ভোলা।

| দাগ নং (এস, এ) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ১০০১, ১০০২, ১০০৩, ১০১৩, ১০১৪, ১০২০, ১০২১, ১০৩৫, ১০৩৬, ১০৩৮, ১০৫০, ১০৬৩, ১০৬৪, ১০০৭, ১০০৮, ১০০৯, ১০১০, ১০১১, ১০১২, ১০৩১, ১০৩২, ১০৩৪, ১০৬২। | ২৪.০২ |

অধিগ্রহণকৃত জমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যেতে পারে।

**মোঃ রাশেদুল হাসান**
যুগ্মসচিব।

**এল.এ কেস নং-১৬(W)/১৯৬৯-১৯৭০**
**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

**ফরম নং-'ঘ'**

তারিখ : ২১-০৯-২০২০

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৯.২০.১৪৪**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর '৩' ধারার আদেশ মোতাবেক হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫-ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

**তফসিল**

মৌজা-পুজাখোলা, জেএল নং-৫৪, সিট নং-০৩, উপজেলা-আমতলী, জেলা-বরগুনা।

| দাগ নং | খতিয়ান নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১০৭৪ | ১১৮ | ০.৭৪ | ০.০৬ |
| ১০৯৯ | ০৭, ১৭৪, ১৭৫ | ১.২২ | ০.৫৬ |
| ১১০০ | ০৮ | ১.৭৩ | ০.৯০ |
| ১১১৭ | ১৭৭ | ১.১৩ | ০.১০ |
| ১১২১ | ১২৩ | ২.৩৩ | ০.৭৪ |
| ১১২২ | ১২৩,১৩৮ | ১.৭৮ | ০.৪০ |
| ১২৩২ | ১০৮ | ২.১৭ | ০.০৯ |

মোট জমির পরিমাণ- ২.৮৫ একর মাত্র।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রাশেদুল হাসান**
যুগ্মসচিব।

---

**এল.এ কেস নং-০২(W)/১৯৬৯-১৯৭০**
**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

**"ঘোষণা পত্র" ফরম নং-'ঘ'**

তারিখ : ২১-০৯-২০২০

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৯.২০.১৪৪**—যেহেতু নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর '৩' ধারার আদেশ মোতাবেক হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫-ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

**তফসিল**

মৌজা-বড়বগী, জে এল নং-৪৪, সিট নং-০৭, উপজেলা-তালতলী, জেলা-বরগুনা।

| দাগ | খতিয়ান নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩২০০ | ৫৪৬ | ০.৫৮ | ০.১০ |
| ৩২০১ | ৫৪৬ | ০.০৪ | ০.০১ |
| ৩২০২ | ৫৪৬ | ০.৪৮ | ০.০৫ |
| ৩২২৮ | ৫৪৫ | ০.১৬ | ০.০২ |
| ৩২২৯ | ৫৪৫ | ০.৩৮ | ০.১০ |
| ৩২৩০ | ৫৪৫ | ০.১৫ | ০.০৫ |
| ৩২৩১ | ৬৬৬ | ০.২৯ | ০.০৫ |
| ৩২৩৬ | ৫১৬ | ০.৫৬ | ০.১৬ |
| ৩২৩৭ | ৪৪৩ | ০.০৩ | ০.০১ |
| ৩৩১৫ | ৩০২ | ০.৮০ | ০.০৮ |
| ৩৩১৬ | ৩০২ | ০.৩৬ | ০.১১ |
| ৩৩১৮ | ৫৪৬ | ০.২৮ | ০.১৩ |
| ৩৩০৯ | ৩০০ | ০.০২ | ০.০১ |
| ৩৩১০ | ৩০০ | ১.০০ | ০.৪৯ |
| ৩৩২১ | ৩০২ | ০.৮০ | ০.৩৮ |
| ৩৩২২ | ৪৪৩ | ০.৪৫ | ০.৩৪ |
| ৩৪৩২ | ৪৮৪ | ০.৬৩ | ০.০৩ |
| ৩৩২০ | ৫৪৬ | ০.২৯ | ০.১২ |
| ৩৪৩৮ | ৬০৬ | ০.০৮ | ০.০৩ |
| ৩৪৩৯ | ৪৮৩ | ০.০৮ | ০.০৩ |
| ৩৪৪০ | ৪৮৩ | ০.০৪ | ০.০১ |
| ৩৪৪৭ | ৪৮৩ | ০.৬০ | ০.২৫ |
| ৩৪৪৯ | ৪৮৩ | ০.১০ | ০.০১ |
| ৩৪৫০ | ৪৮৩ | ০.২৪ | ০.১১ |
| ৩৪৫১ | ৪৮৩ | ০.৬৭ | ০.১৬ |
| ৩৪৫২ | ৪৮৩ | ০.০৬ | ০.০২ |
| ৩৪৫৩ | ৪৮৩ | ০.৩১ | ০.১৪ |
| ৩৪৫৪ | ৪৮৪ | ০.২৯ | ০.১৪ |
| ৩৪৫৬ | ৪৮৪ | ০.০৭ | ০.০২ |
| ৩৪৫৭ | ৪৮৪ | ০.৮২ | ০.১৮ |
| ৩৪৩৬ | ৬০৬ | ০.২৫ | ০.১২ |
| ৩৪৪১ | ৬০৬ | ০.৪১ | ০.০৪ |

মোট জমির পরিমাণ : ৩.৫০ একর মাত্র।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রাশেদুল হাসান**
যুগ্মসচিব।

---

**এল.এ কেস নং-০২/১৯৬৯-১৯৭০**
**১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন মোতাবেক**
**(ফরম-ঘ)**
**ঘোষণা**
[ ৫(৭) ধারা মোতাবেক ]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৭ ধারা মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, উক্ত আইনের ৫-ধারার (৭) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা : পিরোজপুর, উপজেলা : মঠবাড়িয়া, মৌজা : বকশিরঘটিচোরা, জে, এল নং-২২।

| দাগ নং (এস,এ) | খতিয়ান নং (এস,এ) | দাগে জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ২০২২ | ৭৫ | ১.৪১ | ০.০৬ |
| ২০৯১ | ৯০০, ১০৭৩, ৯০১ | ১.০৯ | ০.১৪ |
| ২০৯৪ | ৭৬ | .৫৬ | ০.০৩ |
| ২০৯৬ | ৭৫, ১৬৫ | .৭৮ | ০.০৮ |
| | | মোট | ০.৩১ একর। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রাশেদুল হাসান**
যুগ্মসচিব।

**[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে]**

**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৭ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৭.১৬.১৭৩**—State Acquisition And Tenancy Act, 1950(Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলা নাম |
|---|---|---|---|---|---|
| ১ | গড় চৈতন্যপুর | ২৫ | ৬৭৬ | সোনাতলা | বগুড়া |
| ২ | পশ্চিম তেকানী | ৪৯ | ১৫০১ | সোনাতলা | বগুড়া |
| ৩ | দরি হাঁসরাজ | ৫১ | ৬১০ | সোনাতলা | বগুড়া |
| ৪ | মধ্য দিঘলকান্দি | ৭৮ | ১৫৭৭ | সোনাতলা | বগুড়া |
| ৫ | খাটিয়ামারি রাধাকান্তপুর | ১০০ | ৪১০ | সোনাতলা | বগুড়া |
| ৬ | কান্তনগর | ০৫ | ২২২৯ | ধুনট | বগুড়া |
| ৭ | কাদাই | ০৬ | ৮৮৮ | ধুনট | বগুড়া |
| ৮ | গজারিয়া | ১৬ | ৯৪৬ | ধুনট | বগুড়া |
| ৯ | তালোড়া | ৮০ | ৩১৫৭ | দুপচাঁচিয়া | বগুড়া |
| ১০ | ডাকাহার | ৮১ | ৬৪৫ | দুপচাঁচিয়া | বগুড়া |
| ১১ | খিহালী | ১০৩ | ২৯৫৯ | দুপচাঁচিয়া | বগুড়া |
| ১২ | সাবলা | ১১০ | ৮৮৪ | দুপচাঁচিয়া | বগুড়া |
| ১৩ | শিয়ালশোন | ৪০ | ৬১৩ | আদমদিঘী | বগুড়া |
| ১৪ | রামপুরা | ৪৭ | ৪৩২ | আদমদিঘী | বগুড়া |
| ১৫ | দেলুঞ্জা | ৭২ | ৬২২ | আদমদিঘী | বগুড়া |
| ১৬ | বিনাহালী | ৭৩ | ৬৮৬ | আদমদিঘী | বগুড়া |
| ১৭ | কুশাবাড়ী | ১০৩ | ৯৪২ | আদমদিঘী | বগুড়া |
| ১৮ | ভুগোইল | ১৭ | ৩৫৭ | কাহালু | বগুড়া |
| ১৯ | যুগীর ভবন | ২৩ | ৪৩৯ | কাহালু | বগুড়া |
| ২০ | বিষ্ণুপুর | ৮৫ | ৩৬০ | কাহালু | বগুড়া |
| ২১ | সরো | ১৮১ | ২৩৭ | শেরপুর | বগুড়া |
| ২২ | নন্দ তেঘরি | ১৮৯ | ১৩৭ | শেরপুর | বগুড়া |
| ২৩ | কালিয়াকৈর সিংহেরপাড়া | ২১৭ | ২৩১ | শেরপুর | বগুড়া |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. এম. আরিফ পাশা**
উপসচিব।

---

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/২৩ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.১৭৫**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVlll of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছ :

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | বারাইপুর | ৫১ | ১৩৫২ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ২ | ছবিরপাইক | ১৭২ | ৬৩০ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৩ | চর আলাউদ্দিন | ২৯২ | ১২৬০ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৪ | যাত্রাসিদ্ধি | ৮৭ | ৩০৭ | ফেনী সদর | ফেনী | |
| ৫ | রামনগর | ৭৬ | ১২৬৫ | দাগনভূঞা | ফেনী | |
| ৬ | উত্তর দৌলতপুর | ৫৪ | ১৬১৫ | ছাগলনাইয়া | ফেনী | মহামান্য হাইকোর্ট বিভাগের ৯৮০৩/ ২০১৪ নম্বর রীট পিটিশন দায়ের থাকায় সংশ্লিষ্ট ১১০, ২৪৮, ১০৯৬ ও ১৬১৫ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৭ | দহশালা শাকচর | ৯২ | ৯৮৯ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |
| ৮ | পূর্ব চর রমনীমোহন | ১০৪ | ৪২৮ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৯ | পূর্ব সৈয়দপুর | ২০১ | ৮৮৩ | লক্ষীপুর সদর | লক্ষীপুর | |
| ১০ | সহর কসবা | ২১০ | ১৪৩২ | লক্ষীপুর সদর | লক্ষীপুর | |
| ১১ | জগন্নাথপুর | ২২৯ | ২৯১ | লক্ষীপুর সদর | লক্ষীপুর | |
| ১২ | চর মেহার | ৫১ | ২৭৭৫ | রামগতি | লক্ষীপুর | |
| ১৩ | চর লক্ষী | ৫৮ | ২১১৬ | রামগতি | লক্ষীপুর | |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০২.১৫(অংশ-১).১৭৬**—State Acquisition And Tenancy Act, 1950(Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | চর মাধবদী | ০৯ | ৪৭৪ | পলাশ | নরসিংদী |
| ২ | কারার চর | ১৪ | ৪৮৫ | পলাশ | নরসিংদী |
| ৩ | ছোট বক্তারপুর | ১৭ | ১০৪ | পলাশ | নরসিংদী |
| ৪ | মাঝের চর | ২০ | ১৯৫৯ | পলাশ | নরসিংদী |
| ৫ | নিমাইনন্দি | ২২ | ১৮০ | পলাশ | নরসিংদী |
| ৬ | গাবতলী | ২৯ | ১৪৬৪ | পলাশ | নরসিংদী |
| ৭ | শানের বাড়ী | ৩১ | ১৬১৮ | পলাশ | নরসিংদী |
| ৮ | টেঙ্গার পাড়া | ৩৩ | ২৩৫৯ | পলাশ | নরসিংদী |
| ৯ | পারলিয়া | ৩৪ | ২৬৬৬ | পলাশ | নরসিংদী |
| ১০ | চর নাগরদী | ৩৫ | ১৭১৫ | পলাশ | নরসিংদী |
| ১১ | বারার চর | ৩৬ | ১০১৩ | পলাশ | নরসিংদী |
| ১২ | রাঘবদি | ৩৭ | ৩৪৩ | পলাশ | নরসিংদী |
| ১৩ | জিনারদি | ৩৮ | ৬৫১ | পলাশ | নরসিংদী |
| ১৪ | গোয়াল বাথান | ৪১ | ৭৫ | পলাশ | নরসিংদী |
| ১৫ | ভাগদি | ৪৬ | ১১৯১ | পলাশ | নরসিংদী |
| ১৬ | খিলপাড়া | ৫৫ | ২৭১৩ | পলাশ | নরসিংদী |
| ১৭ | গালিমপুর | ৫৮ | ৬৪৮ | পলাশ | নরসিংদী |

তারিখ : ০৯ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.২২১.১০(অংশ-১).১৭৭**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVlll of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান নম্বর | থানা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | উত্তরখান | ১৯ | ৬২৩৬ | উত্তরা | ঢাকা |

তারিখ : ১৩ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/২৮ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৭.১৬.১৭৯**—State Acquisition And Tenancy Act. 1950(Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলা নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | রামপুরা | ৪৭ | ৪৩২ | আদমদিঘী | বগুড়া |
| ০২ | উজ্জলতা | ৬৩ | ৩৫৭ | আদমদিঘী | বগুড়া |
| ০৩ | মুকুন্দ | ৯৬ | ৩৯৮ | শেরপুর | বগুড়া |
| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা নাম | জেলা নাম |
| ০৪ | ছাতিয়ানী | ১৫১ | ২৬৮ | শেরপুর | বগুড়া |
| ০৫ | গুয়াগাছী | ১৭৩ | ৩৮৬ | শেরপুর | বগুড়া |
| ০৬ | সূত্রাপুর | ১৭৬ | ৪৪৯ | শেরপুর | বগুড়া |
| ০৭ | কালিয়াকৈর পাঁচ বাড়িয়া | ২২০ | ১৭৪ | শেরপুর | বগুড়া |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৮.১৫(অংশ-১)-১৮০**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVlll of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | দেওদাসা | ২৭ | ৩৩৭ | সাভার | ঢাকা | |
| ০২ | বিলবরিল | ৬১ | ৫২৩ | সাভার | ঢাকা | |
| ০৩ | উত্তর দত্তপাড়া | ৯৮ | ১৩২১ | সাভার | ঢাকা | |
| ০৪ | দক্ষিণ কাঞ্চনপুর | ১৫০ | ৪৫৮ | সাভার | ঢাকা | |
| ০৫ | দক্ষিণ বক্তারপুর | ১৫১ | ৭২২ | সাভার | ঢাকা | |
| ০৬ | নাটেরপাড়া | ১৬৫ | ২৯৫ | সাভার | ঢাকা | মহামান্য হাইকোর্ট বিভাগে ২৪৬৫/২০১৯ নম্বর রীট পিটিশন দায়ের থাকায় ১৬৪ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ০৭ | ছয় ধরিয়া | ৪৩ | ২৭০ | পলাশ | নরসিংদী | |
| ০৮ | কুরাইতলি | ৪৪ | ৩৯৩০ | পলাশ | নরসিংদী | |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৬১.১৯.১৮১**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVlll of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | আলগী | ১ | ৩২৫২ | দুমকী | পটুয়াখালী |
| ২ | লেবুখালী | ২২ | ৫১০০ | দুমকী | পটুয়াখালী |
| ৩ | আঙ্গারিয়া | ৫০ | ৬১৮ | দুমকী | পটুয়াখালী |
| ৪ | কানকী | ২৪ | ৪৯৯ | বাকেরগঞ্জ | পটুয়াখালী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. এম. আরিফ পাশা**
উপসচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ আশ্বিন ১৪২৭/২৮ সেপ্টেম্বর ২০২০

নং **৩৯.০০.০০০০.০০৯.০৬.০০৭.২০.১২৭১**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরে "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির" আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/ বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Biological Sciences (BS) আদিষ্ট হয়ে পুনঃগঠন করা হলো:

| ক্রমিক নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. এ. এস. মাহফুজুল বারি | প্যাথলজি বিভাগ, ভেটেনারি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, ০১৭১৭৮৩৮৯১৫, bari. bau.bd@gmail.com | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী প্রো-ভাইস চ্যান্সেলর | শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা ০১৭১১২৩০১৮৩, msa_sau@yahoo.com | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. রাখহরি সরকার | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৭১১৫৪৭৪২৯, rhsarker2000@ yahoo.co.uk | সদস্য |
| ৪। | অধ্যাপক ড. মোঃ মাহবুবুর রহমান | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম, ০১৮১৫৫১৫০৯৭, mmrahman11@yahoo.com | সদস্য |
| ৫। | অধ্যাপক ড. আ ন ম আমিনুর রহমান | গাইনিকোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড রিপ্রোডাক্টিভ হেলথ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ০১৭৩৩৭৬৯৮০০, aminoor69@yahoo.com | সদস্য |
| ৬। | ড. সোহেলা আক্তার মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | বিভাগীয় প্রধান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর, ০১৯২২২৪২৭৩৭, sohela akhter@yahoo.com | সদস্য |
| ৭। | ড. মো. সলিমুল্লাহ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | মলিকুলার বায়োটেকনোলজি বিভাগ, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ি, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯। ০১৭৩৮৯৯৯৯৯৩, salim2969@gmail.com | সদস্য |

| ক্রমিক নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ৮। | ড. মোঃ গোলাম মোস্তফা<br>উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়<br>০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩,<br>section9@most.gov.bd | সদস্য-সচিব |

উল্লেখ্য যে, বর্তমান (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরের পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।

২। কর্মপরিধি :

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee 'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee 'র সভার কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

ঙ. আহ্বায়ক ও সদস্যগণ বিধিমোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে TA & DA প্রাপ্য হবেন।

**ড. মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

---

**[ একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত ]**

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**সংস্থা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ ভাদ্র ১৪২৭/১৪ সেপ্টেম্বর ২০২০

নং **৫৬.০০.০০০০.০২০.৩২.০৩৪.১৮.১৭৪**—বাংলাদেশ হাই-টেক শিল্প স্থাপন ও বিকাশের নিমিত্ত বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ২২ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এতদ্বারা নিম্নবর্ণিত ভূ-সম্পত্তিকে পার্ক হিসেবে ঘোষণা করলেন :

পার্কের নাম :

**সফটওয়্যার টেকনোলজি পার্ক, চট্টগ্রাম (শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার)**

| ক্রমিক নম্বর | ঠিকানা | তফসিল | জমির পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | থানা : পাঁচলাইশ (বর্তমানে চাঁদগাঁও)<br>জেলা : চট্টগ্রাম | মৌজা চাঁদগাঁও ও চর রাঙ্গামাটিয়া সিডি এ প্লট # ২৫এ, ২৫বি, ৬১এ | ২.০০ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গোলাম মোহাম্মদ ভূঁইয়া**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আশ্বিন ১৪২৭/২৭ সেপ্টেম্বর ২০২০

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৪.১৯-১৭৯**—যেহেতু, জনাব মোঃ নজরুল ইসলাম, পিপিএম (বিপি নং-৬৩৮৬১২০৩৫১), সহকারী পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা হিসাবে কর্মকালে গত ১৫-০৫-২০১৮ তারিখে অনুষ্ঠিত খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনে লবণচরা থানাধীন (৩১ নং ওয়ার্ডের ২৭৫-২৮৯) মোট ১৫ টি ভোটকেন্দ্রের ইনচার্জ হিসেবে নিয়োজিত ছিলেন। উক্ত ভোট কেন্দ্রগুলোর ইনচার্জ হিসেবে থাকাকালীন লবণচরা থানাধীন ৩১ নং ওয়ার্ডের ২৭৭ নং লবণচরা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ২৭৮ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয় কেন্দ্র দু'টিতে ভোট গ্রহণকালে বিশৃঙ্খলা সৃষ্টি হওয়ার বিষয়ে অবগত হলেও তাৎক্ষণিকভাবে কোন মোবাইল টিম বা স্ট্রাইকিং ডিউটিতে নিয়োজিত অফিসার/ফোর্স প্রেরণ না করা; তদারকি অফিসার হিসেবে তাঁর নিয়ন্ত্রণাধীন ভোটকেন্দ্রসমূহে নিয়োজিত পুলিশ সদস্যদের নির্বাচন সংক্রান্তে দিকনির্দেশনাসহ ব্রিফিং প্রদান না করা এবং ভোটকেন্দ্রে বিশৃঙ্খলা সৃষ্টিকারী দুস্কৃতিকারীদের বিরুদ্ধে কোন আইনি পদক্ষেপ গ্রহণ না করে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন **১৯৯১** এর ৫ ধারার নির্দেশনা অমান্য করার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অপরাধে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় এ বিভাগের গত ১৮-১২-২০১৯ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৪.১৯-২১৫ নম্বর স্মারকমূলে তাঁকে

কারণ দর্শানো হয়। তিনি গত ১৪-০১-২০২০ তারিখ উক্ত কারণ দর্শনোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনাানি প্রার্থনা করেন;

২। যেহেতু, তাঁর আবেদন অনুযায়ী ০৮-০৯-২০২০ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে এবং লিখিত জবাবে তিনি জানান যে, তদারকি কর্মকর্তা হিসেবে (১৫টি ভোটকেন্দ্রের) দায়িত্ব পালনকালে ২টি কেন্দ্রে ভোটার বেশে দুস্কৃতিকারীরা বুথে প্রবেশ করে বিশৃংখলা সৃষ্টির চেষ্টা করলে কেন্দ্রের আইনশৃঙ্খলা বাহিনী তাৎক্ষণিকভাবে তা প্রতিহত করে। তিনি ওয়াকিটকিতে ঐ ২টি কেন্দ্রে তাৎক্ষণিভাবে মোবাইল এবং স্টাইকিং ফোর্স প্রেরণ করেন। রিটার্নিং অফিসার এসে কেন্দ্র ২টির ভোট গ্রহণ স্থগিত করেন। পরবর্তীতে যথারীতি গত ৩০-০৫-২০১৮ তারিখ ঐ ২টিসহ মোট তিনটি কেন্দ্রের উপ-নির্বাচন সুষ্ঠভাবে অনুষ্ঠিত হয় মর্মে জানান। অভিযুক্ত কর্মকর্তা দায়িত্বে অবহেলা করেননি জানিয়ে অনিচ্ছাকৃত ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করেন;

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা গত ১৫-০৫-২০১৮ তারিখ অনুষ্ঠিত খুলনা সিটি কর্পোরেশন নির্বাচন/ ২০১৮ উপলক্ষে লবণচরা থানা এলাকার ৩১ নং ওয়ার্ডের ১৫ টি ভোটকেন্দ্রের তদারকি অফিসার হিসেবে সার্বিক দায়িত্বে নিয়োজিত ছিলেন। তাঁর নিয়ন্ত্রণাধীন সকল কেন্দ্রে ভোট গ্রহণ চলাকালীন লবণচরা থানাধীন ৩১ নং ওয়ার্ডের ২৭৭ ও ২৭৮ নং কেন্দ্র দুটি'তে দুষ্কৃতিকারীরা বুথে প্রবেশ করে ভোট গ্রহণকারী কর্মকর্তাদের নিকট থেকে ব্যালট পেপার ছিনিয়ে নিয়ে জোরপূর্বক সীল মারার চেষ্টাকালে প্রিজাইডিং অফিসারের নির্দেশে কেন্দ্রে দায়িত্ব পালনরত আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। পরবর্তীতে সহকারী রির্টার্নিং অফিসার ও পুলিশ কর্মকর্তাগণ কেন্দ্রে উপস্থিত হলে সার্বিক পরিস্থিতি বিবেচনা করে প্রিজাইডিং অফিসার উক্ত ভোট গ্রহণ স্থগিত করেন। এখানে তদারককারী কর্মকর্তা হিসেবে অভিযুক্ত কর্মকর্তার সরাসরি কর্তব্যে অবহেলা ও দায়িত্বহীনতার বিষয়টি প্রতীয়মান হয় না ; তবে তাঁর নিয়ন্ত্রণে থাকা পুলিশ সদস্যরা আরও সতর্ক থাকলে এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি এড়ানো যেত;

৪। সেহেতু, অভিযোগের গুরুত্ব বিবেচনায় এবং সার্বিক পর্যালোচনায় জনাব মোঃ নজরুল ইসলাম, পিপিএম (বিপি নং-৬৩৮৬১২০৩৫১), সহকারী-পুলিশ কমিশনার, কেএমপি, খুলনাকে ভবিষ্যতে সরকারি কাজে আরও সতর্কতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ দিয়ে বর্ণিত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোস্তফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

---

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ কার্তিক ১৪২৭/২৭ অক্টোবর ২০২০

**নং ০৩.৪৫১.২৬৯০.০১৮.০০.০৫.২০২০-৬৭৬**—পথশিশুদের পুনর্বাসনে সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা, এনজিও, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম সুসমন্বয়ের লক্ষ্যে সরকার নিম্নরূপ জাতীয় কমিটি গঠন করেছে :

| | |
|---|---|
| **জাতীয় উপদেষ্টা** | |
| ১। | মিজ্ সায়মা ওয়াজেদ হোসেন |
| **সভাপতি** | |
| ২। | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব |
| **সদস্যবৃন্দ** | |
| ৩। | সচিব, অর্থ বিভাগ |
| ৪। | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ৫। | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ৬। | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ৭। | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ৮। | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ৯। | মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর |
| ১০। | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো |
| ১১। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ১২। | পরিচালক, শিশু একাডেমী |
| ১৩। | এনজিও/স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের প্রতিনিধি (২ জন) |
| ১৪। | বিশ্ববিদ্যালয়ের শিক্ষক (২ জন) |
| **সদস্য-সচিব** | |
| ১৫। | মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়। |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

**কার্যপরিধি :**

(ক) পথশিশুদের পুনর্বাসনে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থা/বেসরকারি সংস্থা/এনজিও এবং স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের চলমান কার্যক্রম একক প্ল্যাটফর্মে সমন্বয়;

(খ) পথশিশুদের পুনর্বাসনে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন;

(গ) বিত্তশালী ব্যক্তিদের সম্পৃক্ত করে তাঁদের মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক পথশিশু পুনর্বাসন;

(ঘ) 'পালক পরিবারের' (foster family) মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক পথশিশুকে পুনর্বাসন;

(ঙ) প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রমে অন্তর্ভুক্তির মাধ্যমে পুনর্বাসন—এ লক্ষ্যে বিভাগীয় এবং জেলা প্রশাসনের সার্বিক দায়িত্বে পথশিশুদের শিক্ষা প্রতিষ্ঠানে অন্তর্ভুক্তির (enrollement) ব্যবস্থাকরণ; ভোকেশনাল ও কারিগরি প্রতিষ্ঠানসমূহে আবাসিক সুবিধাসহ ভর্তির ব্যবস্থাকরণ;

(চ) পথশিশুদের কল্যাণে জনসচেতনতামূলক কার্যক্রম ও প্রচারের ব্যবস্থা গ্রহণ।

২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি**
মহাপরিচালক (নির্বাহী সেল)।

## পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
## পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৫ শ্রাবণ ১৪২৭/৩০ জুলাই ২০২০

**নং ২২.০০.০০০০.০৭৫.২৭.০০৫.১৮.৩৬**—চিকিৎসা-বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮ এর বিধি-৩ এর আলোকে চিকিৎসা-বর্জ্যের সুষ্ঠু ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ সমন্বয়ে প্রত্যেক বিভাগের জন্য নিম্নরূপ কর্তৃপক্ষ গঠন করা হলো :

| | |
|---|---|
| (ক) | বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর—সভাপতি (পদাধিকারবলে) |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি— সদস্য |
| (গ) | মহাপরিচালক কর্তৃক মনোনীত পরিবেশ অধিদপ্তরের একজন প্রতিনিধি—সদস্য-সচিব। |

**কর্তৃপক্ষের দায়িত্ব ও কর্তব্য :**

(ক) চিকিৎসা-বর্জ্য ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণের লক্ষ্যে উপযুক্ত ব্যক্তিকে লাইসেন্স প্রদান, নবায়ন এবং প্রয়োজনে, বাতিল করা;

(খ) দফা (ক) এর অধীন লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির কার্যক্রম পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান করা ;

(গ) দখলদার কর্তৃক চিকিৎসা-বর্জ্যের ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলি জারি করা;

(ঘ) চিকিৎসা-বর্জ্যের দ্বারা পরিবেশ দূষণ সম্পর্কিত তথ্য সংগ্রহ, প্রকাশ, প্রচার ও এতদ্‌সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম পরিচালনা করা ;

(ঙ) বিধি ৬(জ) অনুযায়ী দখলদার কর্তৃক দাখিলকৃত বার্ষিক প্রতিবেদন সংকলিত আকারে প্রত্যেক বৎসরের ৩১ মার্চের মধ্যে মহাপরিচালকের মাধ্যমে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা; এবং

(চ) এই বিধিমালার অধীন গৃহীত ও গৃহীতব্য অন্যান্য কার্যক্রমের ব্যাপারে মহা-পরিচালকের সহিত যোগাযোগ রক্ষা করা।

**নং ২২.০০.০০০০.০৭৫.২৭.০০৫.১৮.৩৭**—চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা ২০০৮ এর বিধি ১৬ এর আলোকে চিকিৎসা-বর্জ্যের সুষ্ঠু ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণের লক্ষ্যে নিম্নরূপ জাতীয় উপদেষ্টা কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর

মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নির্বাহী পরিচালক, প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন

নির্বাহী পরিচালক, Waste Concern

নির্বাহী পরিচালক, ESDO

**সদস্য-সচিব**

যুগ্মসচিব, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ অধিশাখা

**কমিটির কার্যপরিধি:**

জাতীয় উপদেষ্টা কমিটি চিকিৎসা-বর্জ্যের ফলপ্রসূ ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণের জন্য সকল প্রকার প্রাসঙ্গিক নীতিমালা বা এতদ্‌সংক্রান্ত বিষয়াদি পরীক্ষা-নিরীক্ষা করবে এবং এতদ্‌বিষয়ে জাতীয় নীতিমালা প্রণয়নে, সময় সময়ে, সরকারকে পরামর্শ প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আসমা শাহীন**
সিনিয়র সহকারী সচিব।

---

## নৌপরিবহন মন্ত্রণালয়
## বিএসসি শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৯ অগ্রহায়ণ, ১৪২৭/২৪ নভেম্বর, ২০২০

**নং ১৮.০০.০০০০.০২৩.২৬.০৩১.১৭-১১৫**—বাংলাদেশ শিপিং কর্পোরেশন একমাত্র রাষ্ট্রীয় মালিকানাধীন শিপিং সংস্থা বিধায় “বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯” এর ৩নং ধারার (২) নং উপধারার বিধান অনুযায়ী সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত পণ্য রাষ্ট্রীয় মালিকানাধীন শিপিং সংস্থা হিসেবে বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর মাধ্যমে পরিবহন করিতে হইবে।

২। গত ১৬ জানুয়ারি ২০২০ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত, সরকারের রুলস্ অব বিজনেস অনুসরণপূর্বক জনস্বার্থে এ আদেশ জারি করা হইল, যাহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।